

২২ (তালিকা)

মধ্যরাতে ঢাবি'র হলে অভিযান

আটক ১৯ জনের সবাই বহিরাগত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে গত মধ্যরাতে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা অভিযান চালিয়েছে। রাত সাড়ে ১২টা থেকে তদারিি অভিযান শুরু হয়। অভিযানে মোট ১৮ জনকে আটক করা হয়। এর মধ্যে ছিয়া হল থেকে ৭ জন, জলিম উদ্দিন হল থেকে ৪ জন, সূর্যসেন হল থেকে ৩ জন ও মহসিন'হল থেকে ৪ জনকে আটক করা হয়। আটককৃতদের অধিকাংশই বহিরাগত। এর আগে রাত সাড়ে ১১টা থেকে সৌপবাহিনীর সদস্যরা আবাসিক হলগুলোর মূল গেট বন্ধ করে দেয়। এ সময় কাউকে ভিতরে ও বাইরে যেতে দেয়া হয়নি।

ছাত্রদের ১২টি আনন্দিক হলে অভিযান চলাকালে সাধারণ ছাত্রদের সাথে আতংক ছড়িয়ে পড়ে। রাত ১টার দিকে অভিযান শেষ হয়। জানা গেছে, গতকাল (৩১শ্বর) রাত ১১টা থেকে বিপুল সংখ্যক পুলিশ ও গোয়েন্দা পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আনন্দিক হলের সামনে অবস্থান নেয়। তারা রাত সাড়ে ১১টার দিকে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ছাত্রদের ১২টি হলের মূল গেট বন্ধ করে দেয়। এসময় ছাত্রদের কাউকে ভিতরে ঢুকতে এবং বাইরে সরগতে দেয়া হয়নি। রাত ১২টার দিকে তারা প্রতিটি হলে প্রবেশ করে তদারিি অভিযান। অভিযানে ছাত্রনেতাদের কবচগুলো প্রাধান্য দেয়া হয়। তদারিি চলাকালে সাধারণ ছাত্রদের মাঝে আতংক ছড়িয়ে

১১-এর পৃষ্ঠা ৮-এর কলাম ২

মধ্যরাতে ঢাবি'র হলে অভিযান

প্রথম পৃষ্ঠার পর

পড়ে। রাত ১টার দিকে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা অভিযান শেষ করে। একটি সূত্রে জানা গেছে, বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমানের যেকভারের প্রতিবাদে ফেসব ছাত্ররা বৃহস্পতিবার ক্যাম্পাসে মিছিল বের করেছিল তাদের যেকভারের লক্ষ্যে এই অভিযান চালানো হয়। তবে অভিযানের সংবাদ পেয়ে ওই সব ছাত্রদের অনেকে আগে থেকেই ক্যাম্পাস ছেড়ে চলে যায়। অনেকে আবার বৃহস্পতিবার মিছিলের পর ক্যাম্পাসে ফিরে আসেনি। গত সন্ধ্যা থেকে ক্যাম্পাসে রাতের অভিযানের ব্যাপারে আগান খবর ছড়িয়ে পড়ে।